

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
রাজারহাট, কুড়িগ্রাম।

স্মারক নং: ৩৩.০১.৪৯৭৭.০০০.১৬.০০১.২৫.৪৮৫


তারিখঃ ২১/০৭/২০২৫ খ্রি.

বিষয়: নিরাপদ মাংস সরবরাহের লক্ষ্যে সংশ্লিষ্ট অংশীজনের সমন্বয়ে আলোচনা সভা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সম্প্রতি রাজারহাটের বিভিন্ন হাট-বাজারে অসুস্থ পশু জবেহর ঘটনা শোনা যাচ্ছে। ভেটেরিনারি পাবলিক হেলথ সার্ভিসের গাইডলাইন মোতাবেক অসুস্থ পশুর মাংস জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকিস্বরূপ। এক্ষেত্রে, ভোক্তা সাধারণের নিকট বিরূপ ধারণা সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে।

এমতাবস্থায়, জনগণকে নিরাপদ প্রাণিজ আমিষ/মাংস সরবরাহের নিমিত্ত উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও উপজেলা প্রশাসনের উদ্যোগে, মাংস প্রক্রিয়াজাতকারী, সুশীল সমাজ ও গণমাধ্যম কর্মীসহ সংশ্লিষ্ট অংশীজনের সমন্বয়ে একটি আলোচনা সভা আগামী ২৪ জুলাই ২০২৫ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষ, রাজারহাট, কুড়িগ্রাম-এ আয়োজন করা হয়েছে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।



(ডাঃ মোঃ রহমত আলী)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

রাজারহাট, কুড়িগ্রাম।

প্রাপক

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো:

- ১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুড়িগ্রাম।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, রাজারহাট, কুড়িগ্রাম।
- ৩। অফিস কপি।